

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭০২(আগরতলা ২৬।০১)

আগরতলা, ২৬ জানুয়ারি, ২০২৪

আগরতলায় বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে ৭৫তম প্রজাতন্ত্র দিবস উদযাপন

বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ আগরতলায় ৭৫তম প্রজাতন্ত্র দিবস উদযাপন করা হয়। সকালে মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে জাতীয় পতাকা উত্তোলন করেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। অনুষ্ঠানে আরক্ষা বাহিনীর পক্ষ থেকে মুখ্যমন্ত্রীকে গার্ড অব অনার দেওয়া হয়। জাতীয় পতাকা উত্তোলন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সুযোগ্য নেতৃত্বে দেশ বিকাশের পথে এগিয়ে চলেছে। ৭৫তম প্রজাতন্ত্র দিবসের পুণ্য লগ্নে সকলের সম্মিলিত প্রচেষ্টায় এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তোলার উপর মুখ্যমন্ত্রী গুরুত্ব আরোপ করেন। প্রজাতন্ত্র দিবস উপলক্ষে মুখ্যমন্ত্রী রাজ্যবাসীকে শুভেচ্ছাও জানান।

প্রজাতন্ত্র দিবস পালন কর্মসূচির অঙ্গ হিসেবে আজ সকালে আগরতলার গান্ধীঘাটে জাতীয় পতাকা উত্তোলন করেন কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ। তিনি গান্ধীবেদিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। অনুষ্ঠানে রাজ্য সরকারের পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন। ত্রিপুরা বিধানসভা ভবন প্রাঙ্গণে আজ সকালে জাতীয় পতাকা উত্তোলন করেন বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল। বিধানসভার নিরাপত্তা রক্ষার কাজে নিয়োজিত ত্রিপুরা পুলিশের জওয়ানগণ কুচাকাওয়াজ প্রদর্শন করেন ও উপাধ্যক্ষকে অভিবাদন জানান। পতাকা উত্তোলনের পর উপাধ্যক্ষ বলেন, গণতন্ত্রকে শক্তিশালী ও সুরক্ষিত করার জন্য আমাদের সবাইকে অঙ্গীকারবদ্ধ হতে হবে। অনুষ্ঠানে বিধানসভার সচিব বামদেব মজুমদার সহ বিধানসভার আধিকারিক এবং কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

সচিবালয় প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন করেন কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ। সচিবালয়ে নিরাপত্তা রক্ষার কাজে নিয়োজিত আরক্ষা বাহিনীর কর্মীগণ কুচাকাওয়াজ প্রদর্শন করেন ও কৃষিমন্ত্রীকে অভিবাদন জানান। অনুষ্ঠানে কৃষিমন্ত্রী বলেন, আমাদের দেশের মূল শক্তি হলো বৈচিত্রের মধ্যে ঐক্য। বর্তমান কেন্দ্রীয় সরকার সব অংশের জনগণের জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে কাজ করছে। অনুষ্ঠানে জনজাতি কল্যাণ দপ্তরের প্রধান সচিব এল টি দারলং, পর্যটন দপ্তরের সচিব উত্তম কুমার চাকমা সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

প্রজাতন্ত্র দিবস পালন অনুষ্ঠানের অঙ্গ হিসেবে আজ সকালে লিচুবাগানস্থিত এলবার্ট একা পার্কে শহীদ বেদিতে পুষ্পস্তবক অর্পণ করে শহীদদের প্রতি শ্রদ্ধা জানান কৃষি ও বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ। শহীদদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করেন ব্রিগেডিয়ার জে পি তেওয়ারি। টিএসআর ১১নং ব্যাটেলিয়ানের জওয়ানগণ বিদ্যুৎমন্ত্রীকে গার্ড অব অনার দেন।

প্রজাতন্ত্র দিবস উদযাপন উপলক্ষে আজ সকালে আগরতলার বিভিন্ন হাসপাতাল, কেন্দ্রীয় কারাগার, অনাথ আশ্রম, দুঃস্থ আবাসিকদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হয়। দুপুরে প্রজ্ঞাভবনে অনুষ্ঠিত হয় প্রাক্তন সৈনিকদের সম্মেলন। সন্ধ্যায় রাজ্যভবনে অনুষ্ঠিত হয় অ্যাট হোম অনুষ্ঠান। অনুষ্ঠানে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু, মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা, জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, মুখ্যসচিব জে কে সিনহা, রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন, ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি টি অমরনাথ গৌড়, বিচারপতি অরিন্দম লোধ, বিচারপতি বিশ্বজিৎ পালিত, বিচারপতি সব্যসাচী দত্ত পুরকায়স্থ, রাজ্যপালের সচিব ইউ কে চাকমা, অ্যাডভোকেট জেনারেল সিদ্ধার্থ শঙ্কর দে প্রমুখ।
